

ছাত্রলীগের বিক্ষোভ সমাবেশ শিক্ষাপ্রতিষ্ঠানে শিবিরের রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করার দাবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ কর্মীদের ওপর হামলার ঘটনায় ক্ষতিত ইসলামী ছাত্রশিবির ক্যাডারদের শান্তি ও দেশের সব কটি শিক্ষাপ্রতিষ্ঠানে তাদের সাম্প্রতিক তৎপরতা নিষিদ্ধ করার দাবি জানিয়ে বিক্ষোভ করেছে ছাত্রলীগ।

পতকাল শনিবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এই দাবি জানিয়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন ছাত্রলীগের নেতা-কর্মীরা। এ সময় তারা ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সব উচ্চশিক্ষা-প্রতিষ্ঠানে ছাত্রশিবিরকে প্রতিহত করার ঘোষণাও দেন।

পতকাল শনিবার রাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিবিরকর্মীদের আকস্মিক হামলায় তিনটি আকস্মিক হলের ছাত্রলীগের ১৫ জনসহ অন্তত ২০ জন গুরুতর আহত হন। হামলার সময় শিবির তিনটি আকস্মিক হলের ছাত্রলীগ সমর্থকদের অন্তত ২৫টি কক জঙ্কর ও লুটপাট করে হসে জান গেছে। এ ঘটনায় পতকাল শনিবার থেকে আগামী কুহুশ্চিবির পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হয়েছে।

সমাবেশে ছাত্রলীগের সভাপতি মাহমুদ হামান শিবির ক্যাডারদের দায়িত্বশূন্যক শান্তি নিশ্চিত করার দাবি জানিয়ে বলেন, বাংলাদেশে এসব চরমপন্থীর মদদদাতা সংগঠন ছাত্রশিবির ও ক্যাডারের ইসলামীর রাজনীতিক-ও নিষিদ্ধ ঘোষণা করতে হবে। ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মাহমুদুল হামদার চৌধুরী বলেন,

দুষ্কাপরাধীদের বিচারপ্রক্রিয়া ব্যাহত করার জন্যই এসব মৌলবাদী অপরাধিত নানা চেষ্টা করছে। ছাত্রলীগ কর্মীদের ওপর হামলার ঘটনা তেমনই একটি ঘৃণা ঘটনাই। এভাবে চলতে পারে না। এখন থেকে সব শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রশিবিরের কোনো ধরনের তৎপরতা দেখা গেলেই ছাত্রলীগ তা প্রতিহত করবে।

সমাবেশে সংগঠনের কেন্দ্রীয় নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোহাম্মদ হানা, সাধারণ সম্পাদক মাহমুদ সাকীর প্রমুখ।